

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন অধিদপ্তর  
প্রধান বন সংরক্ষকের কার্যালয়  
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

অফিস আদেশ নং-২/পি

তারিখ: ১৮/১২/২০১৯ খ্রিঃ।

অফিস আদেশ


বিষয়ঃ “ভাওয়াল জাতীয় উদ্যানের রেষ্ট হাউজ সমূহকে অনলাইনে বুকিং” শীর্ষক কার্যক্রম বাস্তবায়ন।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের সেবা পদ্ধতি সহজিকরণের অগ্রগতি ও বাস্তবায়ন পরিকল্পনা বিষয়ক ৪র্থ সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সচিবালয় নির্দেশমালা-২০১৪; অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ তে সেবা সহজিকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তদপ্রেক্ষিতে সেবা সহজিকরণের জন্য বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ অন্তর্ভুক্ত করা হয়েছে।

বর্তমানে বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকা এর অফিস কর্তৃক ভাওয়াল জাতীয় উদ্যানের রেষ্ট হাউজ সমূহ বুকিং দেয়া হয়ে থাকে। বিদ্যমান প্রক্রিয়ায় বুকিং গ্রহীতাকে স্বশরীরে বা তার প্রতিনিধির মাধ্যমে বুকিং প্রদানে দীর্ঘসূত্রীতা সৃষ্টি হয়। অনলাইনে বুকিং দেয়া সম্ভব হলে সেবা গ্রহীতার পক্ষে সেবা সহজিকরণ সহ তার সময় ও অর্থের সাশ্রয় হবে।

উক্ত উদ্ভাবনী উদ্যোগটি গ্রহণপূর্বক সফলভাবে সম্পাদনের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, ঢাকাকে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ সফিউল আলম চৌধুরী)

প্রধান বন সংরক্ষক

বন অধিদপ্তর।

ফোনঃ ৮১৮১৭৩৭

৮.

স্মারক নং- ২২.০১.০০০০.০০৯.৪৪.৮০১.১৯.১৮৬৬


তারিখ: ১৮/১২/২০১৯ খ্রিঃ।

কার্যার্থে বিতরণঃ

- ১। উপ-প্রধান বন সংরক্ষক (সকল) .....
- ২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা।
- ৩। বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, মহাখালী, ঢাকা।
- ৪। গার্ড ফাইল।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মোহাম্মদ সফিউল আলম চৌধুরী)

প্রধান বন সংরক্ষক

বন অধিদপ্তর।

ফোনঃ ৮১৮১৭৩৭